



বাংলাদেশ ফুটবল ফেডারেশন

BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২০-১২-২০২০

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় দেশের শীর্ষ স্থানীয় ১৩টি ক্লাব যথাক্রমে: বসুন্ধরা কিংস, আবাহনী লিমিটেড, শেখ রাসেল ক্রীড়া চক্র লিমিটেড, সাইফ স্পোর্টিং ক্লাব লিঃ, আরামবাগ ক্রীড়া সংঘ, লেঃ শেখ জামাল ধানমন্ডি ক্লাব লিমিটেড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্র, চট্টগ্রাম আবাহনী লিমিটেড চট্টগ্রাম, মোহামেডান স্পোর্টিং ক্লাব লিমিটেড, রহমতগঞ্জ এমএফএস, ব্রাদার্স ইউনিয়ন লিমিটেড, এবং উত্তর বারিধারা ক্লাব ফুটবল দলের অংশগ্রহণে 'ওয়ালটন ফেডারেশন কাপ ২০২০' এর খেলা আগামী ২২-১২-২০২০ তারিখ হতে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

এ লক্ষ্যে বাংলাদেশ ফুটবল ফেডারেশন রেফারীজ ডিপার্টমেন্টে এর তত্ত্বাবধানে LAWS OF THE GAME 2020-21 এর সর্বশেষ সংশোধনী ও গুরুত্বপূর্ণ আইনসমূহ সম্পর্কে গত ১৭-১২-২০২০ তারিখ রহমতগঞ্জ এমএফএস, গত ১৮-১২-২০২০ তারিখ উত্তর বারিধারা ক্লাব, ঢাকা ও গত ১৯-১২-২০২০ তারিখ আবাহনী লিমিটেড, ঢাকা এবং অদ্য ২০-১২-২০২০ মোহামেডান স্পোর্টিং ক্লাব লিঃ, ঢাকা দলের সংশ্লিষ্ট দলীয় কোচিং স্টাফ ও সকল খেলোয়াড়কে অবহিত করা হয়।

উক্ত সেমিনারে ইন্সট্রাক্টর হিসেবে দায়িত্ব পালন করেন বাফুফে হেড অব রেফারী জনাব আজাদ রহমান।

আহসান আহমেদ অমিত
হেড অব মিডিয়া
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।